

অভেদানন্দ মহাবিদ্যালয়

Sem-VI ও Part-III (Old) ফাইনাল অনলাইন

পরীক্ষা ও উত্তরপত্র, জমা দেওয়া সংক্রান্ত গুরুত্বপূর্ণ নির্দেশাবলী

Sem-VI এবং Part-III (Old) এর Admit Card কলেজের ওয়েবসাইটে (www.abhedanandamahavidyalaya.org) নির্ধারিত সময়ে upload করে দেওয়া হবে। ছাত্র-ছাত্রীরা প্রত্যেকে তাদের Admit Cardটি ডাউনলোড করে প্রিন্ট আউট বের করে রাখবে। প্রত্যেক ছাত্র-ছাত্রী কেবল তাদের নিজস্ব Admit Cardটিই ডাউনলোড (Download) করতে পারবে। অপরের Admit Card কোনও ভাবে ব্যবহার করলে তা দন্ডনীয় অপরাধ বলে গণ্য হবে এবং বিশ্ববিদ্যালয় নির্ধারিত আইন অনুযায়ী তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

প্রশ্নপত্রে কেবলমাত্র ৫ ও ১০ নম্বরের প্রশ্ন থাকবে।

কেবলমাত্র Part-III (Old)-এর ক্ষেত্রে ৫০ নম্বরের পরীক্ষা হবে, সময় – ২ ঘন্টা।

অনলাইন পরীক্ষাটিকে সুষ্ঠুভাবে সম্পন্ন করতে ছাত্র-ছাত্রীদের নিম্নলিখিত বিষয়গুলিকে অবশ্যই মান্যতা দিতে হবে:-

১। প্রত্যেক ছাত্র-ছাত্রীর একটি নিজস্ব ই-মেল আইডি অতি অবশ্যই রাখতে হবে এবং এই ই-মেল আইডি ব্যবহার করে কলেজের নির্দিষ্ট বিভাগের নির্ধারিত মেল আইডিতে উত্তরপত্রটির Soft Copy প্রেরণ করতে হবে।

২/ উত্তরপত্র প্রেরণের জন্য Honours এবং General-এর, প্রত্যেক বিভাগ নির্ধারিত সুনির্দিষ্ট mail ID কলেজের ওয়েবসাইটে যথাসময়ে upload করে দেওয়া হবে। উত্তরপত্র প্রেরণকালে প্রত্যেক ছাত্র-ছাত্রীকে বিভাগ নির্ধারিত সেই সুনির্দিষ্ট mail ID-তে অত্যন্ত সচেতনভাবে Type করতে হবে।

৩। উত্তরপত্রের প্রথম পাতাটি কলেজের website-এ upload করে দেওয়া হয়েছে। ছাত্র-ছাত্রীরা পরীক্ষার নির্ধারিত দিনের পূর্বেই সেটিকে সুস্পষ্ট ভাবে print out করে রাখবে। প্রত্যেক উত্তরপত্রের সাথে এই প্রথম পাতাটি সংযুক্ত করে, তবেই উত্তরপত্রটি mail ID -তে প্রেরণ করা যাবে। প্রথম পাতাটিতে রোল নাম্বার, রেজিস্ট্রেশন নাম্বার, কোর্স/পেপার এবং বিষয়ের নাম খুব সচেতনভাবে এবং অতি অবশ্যই নির্ধারিত স্থানে লিখতে হবে। এখানে কোন প্রকার ভুল হলে সেই উত্তরপত্রটি বিশ্ববিদ্যালয় নির্ধারিত নিয়মানুযায়ী বাতিল বলে গণ্য করা হবে। ছাত্র-ছাত্রীরা উত্তরপত্রে কোন ভাবেই নিজের নাম লিখবে না।

৪। ছাত্র-ছাত্রীরা নিজেদের হাতে লেখা উত্তরপত্র PDF File করে জমা দেবে। প্রত্যেক পেপারের জন্য একটিই PDF File জমা দিতে হবে। উত্তরপত্রটি PDF File করার প্রাক-কালে পৃষ্ঠাগুলি ক্রমানুযায়ী অত্যন্ত সচেতনভাবে সাজিয়ে দিতে হবে। এক্ষেত্রে প্রত্যেক পৃষ্ঠার উপরের ডান পাশে পৃষ্ঠার ক্রমাঙ্ক/সংখ্যা (১, ২, ৩, ৪,---) উল্লেখ করে দিলে ভাল হয়।

৫। PDF File টিকে প্রেরণের সময় ছাত্র-ছাত্রীদের বিশ্ববিদ্যালয় প্রদত্ত Roll Number, বিষয় এবং কোর্স/পেপারের নাম উল্লেখ করতে হবে। কোনও ভাবেই নিজেদের নাম এক্ষেত্রে উল্লেখ করা যাবে না।

৬। সম্পূর্ণ উত্তরপত্রটি A4 size-এর কাগজে লিখতে হবে।

৭। বিশ্ববিদ্যালয় নির্ধারিত পরীক্ষার সূচি অনুযায়ী, নির্দিষ্ট দিনে পরীক্ষা শুরু হবার ৩০ মিনিট পূর্বে প্রশ্নপত্রটি Download করা যাবে।



৮। উত্তরপত্রে নীল/কালো ছাড়া অপর কোনও কালি ব্যবহার করা যাবে না।

৯। বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত সময়ের মধ্যে পরীক্ষা শেষের পর, বিশ্ববিদ্যালয়ের-নির্দিষ্ট অতিরিক্ত ৩০ মিনিটের মধ্যে অতি অবশ্যই উত্তরপত্র electronically/PDF File নিজের মেইল মারফৎ কলেজ নির্ধারিত mail এ জমা করতে হবে।

১০। উত্তরপত্র জমা দেবার ক্ষেত্রে যান্ত্রিক কারণবশতঃ কোন সমস্যা তৈরী হলে, কলেজ নির্ধারিত ঐ অতিরিক্ত সময়ের মধ্যেই কলেজে এসে উত্তরপত্র জমা দিয়ে যেতে হবে।

১১। কলেজে খাতা জমা দেবার জন্য পরীক্ষার্থীকে নিজেকেই কলেজে আসতে হবে।

১২। কলেজে আসার সময় covid-19 প্রোটোকল অতি অবশ্যই ছাত্র-ছাত্রীদের মানতে হবে।

১৩। বাড়িতে বসে অনলাইন মাধ্যমে পরীক্ষা হলেও, বর্ধমান বিশ্ববিদ্যালয় নির্ধারিত পরীক্ষার সামগ্রিক নিয়মাবলী এবং পরীক্ষা সংক্রান্ত শৃঙ্খলাপরায়ণতা ও সৌজন্য প্রত্যেক পরীক্ষার্থীকে অতি অবশ্যই মেনে চলতে হবে।

আদেশানুসারে

শ্রী শিবেন কুমার সরকার

ভারপ্রাপ্ত অধ্যক্ষ

অভেদানন্দ মহাবিদ্যালয়

সাঁইথিয়া, বীরভূম

